



# প্রথম আলো

প্রথম আলো, ২৬-০১-২০২৪ পৃষ্ঠা-অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ : ২৬ জানুয়ারি ২০২৪, ০১ : ৫৮



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ হয়েছে। বৃহস্পতিবার, রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে | ছবি : সংগৃহীত

নানা আয়োজনের মধ্য দিয়ে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে এই আয়োজন হয়। এই আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ১৩টি বিভাগ নিজ নিজ বিভাগের শিক্ষার্থীদের বরণ করে নেয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশে ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শামস রহমান, উপ উপাচার্য আশিক মোসাদ্দিক প্রমুখ।

বক্তারা কঠোর অনুশীলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনকে কাজে লাগিয়ে আগামীতে দেশকে এগিয়ে নেওয়ার জন্য তৈরি হতে শিক্ষার্থীদের দিকনির্দেশনা দেন।